(৬)

দৈনিক খবর

তারিখ 04 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ৪

170

## বৃহস্পতিবার শিক্ষা ক্যাডারের শিক্ষকদের কর্মবিরতি

ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ছাত্রদল কর্তৃক বরিশাল বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ হানিফের উপর হামলা এবং তাঁকে আহত করার প্রতিবাদে সাধারণ শিক্ষা ক্যাডারের শিক্ষকরা আগামী ১৪ই জানুয়ারী বৃহস্পতিবার পূর্ণ দিবস কর্মবিরতি পালন করবেন। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি অধ্যক্ষ ডঃ কিউ এ টি এম হাবিবুর রহমানের সভাপতিত্বে জগন্নাথ কলেজে অনুষ্ঠিত ৩০শে ডিসেম্বর সমিতির সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

প্রফেসর হানিফের মত একজন পন্ডিত ব্যক্তিত্ব, নীতিবান শিক্ষক ও অত্যন্ত দক্ষ অধ্যক্ষের উপর এ ধরনের বর্বরোচিত হামলার ঘটনায় উক্ত সভায় গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা প্রকাশ করা হয়। সভায় অবিলম্বে দোষী ব্যক্তিদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাবী জানানো হয়। দেশের সকল সরকারী কলেজ, অনুরূপ প্রতিষ্ঠান ও অফিসসমূহে কর্মরত ক্যাডারের সদস্যদেরকে কর্মবিরতি দিবস সফল করে তোলার জন্য উক্ত সভায় অনুরোধ জানানো হয়েছে। খবর বিজ্ঞপ্তির।